

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪২৪

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

বাধারঘাটে রিগ ডিভিশন পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে বাধারঘাটে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের রিগ ডিভিশনের অন্তর্গত সহকারি প্রকৌশলীর কার্যালয়টি পরিদর্শন করেন। রাজ্যপালকে সেখানে স্বাগত জানান পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের সচিব অভিষেক সিং এবং পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। পরিদর্শনকালে রাজ্যপাল সহকারি প্রকৌশলীর কার্যালয়ের কনফারেন্স হলে সকলস্তরের কর্মীদের নিয়ে এক মতবিনিময় সভায় মিলিত হন। সেখানে দপ্তরের প্রধান প্রকৌশলী রাজীব মজুমদার পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ডিডব্লিউএস দপ্তরের বিভিন্ন কাজকর্ম রাজ্যপালকে অবহিত করেন।

পরে তিনি রিগ ও ড্রিলিং মেশিন এবং অন্যান্য যন্ত্রপাতি পরিদর্শন করেন। সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন, কেন্দ্রীয় সরকার প্রত্যেকের বাড়িতে বিশুদ্ধ পানীয়জল সরবরাহ করার জন্য জল জীবন মিশন চালু করেছে। রাজ্যে এই কাজের অগ্রগতি খতিয়ে দেখতেই তিনি এখানে এসেছেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*